



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY
www.biwta.gov.bd



নথি নং-১৮.১১.০০০০.০৩৩.৩৪.০০৪.১৮/১৫৯৮

তারিখ : ১০/০৮/২০২০ ইং।

বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কর্তৃপক্ষের বহুসংখ্যক কর্মকর্তা/কর্মচারী অফিসে বিলম্বে উপস্থিত হন। আবার অনেকেই অফিস সময় শেষ হওয়ার পূর্বেই দপ্তর ত্যাগ করেন। ফলে দাপ্তরিক কর্মকাণ্ড যথাযথভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না। বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের নজরে আসায় অসন্তোষ প্রকাশ করেছেন। উক্তরূপ পরিস্থিতিতে বিআইডব্লিউটিএ এর প্রধান কার্যালয় এবং সকল শাখা/দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ-কে প্রত্যেক কর্মদিবসে আবশ্যিক ভাবে সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে দপ্তরে উপস্থিত হওয়া এবং বিকেল ০৫.০০ ঘটিকার পূর্বে দপ্তর ত্যাগ না করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া কোভিড-১৯ এর প্রেক্ষিতে সরকার কর্তৃক সর্বশেষ ০৩/০৮/২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী অফিস পরিচালনার ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয় হতে জারীকৃত স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে এবং ঝুঁকিপূর্ণ, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।

০২। কোন কর্মকর্তা/কর্মচারী উল্লিখিত সময়-সীমার আগে পরে দপ্তরে উপস্থিত বা দপ্তর ত্যাগ করার প্রয়োজন হলে নিয়ন্ত্রণ কর্মকর্তার অনুমতি গ্রহণ করতে হবে এবং বিভাগীয় প্রধানগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্য মহোদয়ের বা চেয়ারম্যান মহোদয়ের অনুমতি গ্রহণ করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

স্বাঃ/-

(মুহাম্মদ আবু জাফর হাওলাদার)

সচিব

বিআইডব্লিউটিএ, ঢাকা।

বিতরণ : (অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১। সকল বিভাগীয় প্রধান,বিআইডব্লিউটিএ, ঢাকা, নারায়ণগঞ্জ, বরিশাল, মাদারীপুর।
০২। মাঠপর্যায়ের সকল শাখা/দপ্তরের নিয়ন্ত্রণ কর্মকর্তা, বিআইডব্লিউটিএ.....।

অনুলিপিঃ

- ০১। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা(বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
০২। উপ-পরিচালক (প্রশাসন), বিআইডব্লিউটিএ, ঢাকা(কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অফিসে আনা ও নেয়ার কাজে নিয়োজিত গাড়ীসমূহকে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান করার বিষয়টি নিশ্চিত করবেন)।
০৩। জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৪। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৫। সদস্য (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৬। সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৭। সদস্য (প্রকৌশল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাঅনৌপক, ঢাকা।
০৮। দপ্তর কপি।

(Signature)

(Signature)

সচিব

বিআইডব্লিউটিএ, ঢাকা।